



বাংলাদেশ  
সুবর্ণজয়ন্তী  
Bangladesh



ISO 9001 : 2015



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)  
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)  
স্থাপিত-১৯৮৪

নং: ৪৯.০২.০০০০.০০৪.৩৮.০০১.২১/৮-১৬

তারিখ: ১৯.০৯.২০২২ খ্রি.

বিষয়: বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতে নার্স নিয়োগে সহযোগিতা প্রদান।

প্রিয় সহকর্মী


বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) সরকারের একমাত্র জনশক্তি প্রেরণকারী প্রতিষ্ঠান। বোয়েসেল সুনামের সাথে বিশ্বের বিভিন্ন দেশে স্বল্প ব্যয়ে এবং ক্ষেত্র বিশেষে বিনা খরচে কর্মী প্রেরণ করে থাকে। আপনি জেনে আনন্দিত হবেন ইতিমধ্যে বোয়েসেল-এর তত্ত্বাবধানে ২৬৭ জন নার্স কুয়েতস্থ সিটি গুপ জেনারেল ট্রেডিং কোম্পানি এবং এ্যাডভান্সড টেকনলজি কোম্পানিতে যোগদান করেছেন। উক্ত কোম্পানিতে আরো দক্ষ নার্স নিয়োগের লক্ষে বোয়েসেল-এর ওয়েবসাইটে একটি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে (কপি সংযুক্ত)। আগ্রহী প্রার্থীগণ <https://forms.gle/nf7HQEU62Gjmdnhg6> লিংকের মাধ্যমে আগামী ০৪ অক্টোবর, ২০২২খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করতে পারবেন।

২। উল্লেখ্য, কুয়েতে নিয়োগপ্রাপ্ত নার্সের মাসিক বেতন ডিপ্লোমাধারী নার্সদের ৮০,০০০/- থেকে ৯০,০০০/- টাকা এবং বিএসসিধারী নার্সদের ৯০,০০০/- থেকে ১,০০,০০০/- টাকা হয়ে থাকে। থাকা, খাওয়া এবং প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা কোম্পানি করে থাকে। চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত নার্সদের ভিসা, টিকেট এবং চুক্তি শেষে দেশে আসার বিমানের টিকেটও কোম্পানি বহন করে থাকে।

৩। কুয়েতে নার্স নিয়োগের বিষয়টি বহুল প্রচারের জন্য বোয়েসেল কর্তৃক বিভিন্ন পত্র-পত্রিকায় বিজ্ঞাপন ও বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। বিজ্ঞপ্তির একটি কপি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো। আপনার নিয়ন্ত্রণাধীন অফিস আগত সেবা প্রত্যাশীদের অবহিতকরণ এবং আপনার নোটিশ বোর্ডে নার্স নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে এ পেশায় নিয়োজিত নার্সগণ আবেদনের সুযোগ পাবেন।

৪। এমতাবস্থায়, আপনার নিয়ন্ত্রণাধীন অফিসে আগত দক্ষ নার্স হিসেবে অভিবাসন প্রত্যাশীগণ বোয়েসেল-এর মাধ্যমে নৈতিক, নিরাপদ ও স্বল্প খরচে বিদেশে কর্মসংস্থানের সুযোগ পাবেন। এ ক্ষেত্রে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

সহকারি পরিচালক/ উপ-পরিচালক, সকল,  
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস।

  
ড. মল্লিক আনোয়ার হোসেন  
(অতিরিক্ত সচিব)  
ব্যবস্থাপনা পরিচালক  
বোয়েসেল, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য),
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. মহাপরিচালকের একান্ত সচিব, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. পিএ টু ইডি (ইডি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।

